



কক্সবাজার নিউজ  
cbnbd.com

সোমবার, ২৭ মে ২০২৪

## কক্সবাজারে ঘূর্ণিঝড় রেমাল দুর্গতদের মাঝে কোস্ট ফাউন্ডেশনের শুকনো খাবার বিতরণ

প্রকাশিত - মে ২৬, ২০২৪ ১০:৪৪ পিএম



নিজস্ব প্রতিবেদক:

কক্সবাজারে ঘূর্ণিঝড় "রেমাল" দুর্গতদের মাঝে শুকনো খাবার বিতরণ করেছে দেশের অন্যতম বেসরকারি উন্নয়ন সংস্থা (এনজিও) কোস্ট ফাউন্ডেশন।

রবিবার (২৬ মে) সন্ধ্যায় কক্সবাজার পৌর প্রিপ্যারেটরি উচ্চ বিদ্যালয়, সৈকত বালিক উচ্চ বিদ্যালয় ও উত্তর নুনিয়ার ছড়া ঠুটিয়াপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আশ্রিত প্রায় এক হাজার লোকের মাঝে খাবার বিতরণ করা হয়েছে।

দুর্যোগকালে খাবার হাতে পেয়ে বেশ খুশি হয়েছে আশ্রিত লোকজন। এই মানবিক কর্মসূচির জন্য তারা কোস্ট ফাউন্ডেশনের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছে।

কোস্ট ফাউন্ডেশনের সহকারী পরিচালক ও কক্সবাজার আঞ্চলিক টিম লিডার জাহাঙ্গীর আলমের নেতৃত্বে খাবার বিতরণকালে কক্সবাজার পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা একেএম তারিকুল আলম, পৌর কাউন্সিলর শাহেনা আক্তার পাখি, এসআইএম আক্তার কামাল আজাদ, জেলা প্রেস ক্লাবের সভাপতি বীর মুক্তিযোদ্ধা ফজলুল কাদের চৌধুরীসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

কোস্ট ফাউন্ডেশনের সহকারী পরিচালক ও কক্সবাজার আঞ্চলিক টিম লিডার জাহাঙ্গীর আলম জানান, যেকোনো দুর্যোগে সবার আগে ছুটে যায় তারা। মানব সেবামূলক কাজের জন্য কোস্টের শক্তিশালী টিম প্রস্তুত রয়েছে। বিশেষ করে দেশের উপকূলীয় এলাকাসমূহের মানুষের দুঃখ-দুর্দশা লাঘবে তারা সবচেয়ে বেশি সক্রিয়। প্রাকৃতিক দুর্যোগে সাধ্যমত সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান জাহাঙ্গীর আলম।

Copyright © 2024 Cox's Bazar First News Portal - CBNBD. All rights reserved.